দৈনিক সংবাদ

তারিখ 28 DEC 1988
পৃষ্ঠা 8 কলাম 1

021

৩৭

# মেডিক্যাল কলেজগুলোর নির্ধারিত পরীক্ষা পিছানো হবে না

—এম,এ মুনএম

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনামন্ত্রী মোহাম্মদ আবদুল মুনএম দেশের মেডিক্যাল শিক্ষাকে যুগোপযোগী এবং বৃহত্তর জনগোষ্ঠীর স্বাস্থ্য-সেবা উন্নয়নে অধিকতর কার্যকর করে গড়ে তোলার জন্য দেশের মেডিক্যাল শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন।

মন্ত্রী গতকাল মঙ্গলবার সকালে মহাখালীস্থ বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ান্স এণ্ড সার্জন্স মিলনায়তনে "স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের মূল্যায়ন পদ্ধতি" বিষয়ক ৮ম জাতীয় কর্মশালায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। স্বাস্থ্য সচিব মনযুর-উল-করীমও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডাঃ কে, এইচ নোটানী, বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ান্স এণ্ড সার্জন-এর সভাপতি প্রফেসর সৈয়দ আলী আশরাফ এবং সেন্টার ফর মেডিক্যাল এডুকেশন-এর পরিচালক প্রফেসর এম,এ,টি সিদ্দিক বক্তব্য রাখেন।

স্বাস্থ্যমন্ত্রী মেডিক্যাল কলেজগুলোতে শিক্ষার পরিবেশ বজায় রাখার প্রতি জোর দিয়ে বলেন, মেডিক্যাল কলেজগুলোর নির্ধারিত পরীক্ষাসমূহ আর পিছানো হবে না। এ ব্যাপারে তিনি মেডিক্যাল শিক্ষকদের সচেতন ভূমিকা পালনের আহ্বান জানান। খবর তথ্য বিবরণীর।